# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ১২৩. একটুখানি ভেবে দেখুন

আসমা বিনতে উমাইসা (রাঃ) বলেছেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বলেছেন- “মুসিবতে পড়লে যে কালিমা তোমার বলা উচিত আমি কি তোমাকে তা শিখিয়ে দিব না? আর তা হল-

اَللَّهُ اللَّهُ رَبِّى لاَ أُشْرِكُ بِهِ شَيْئاً

“আল্লাহ, আল্লাহ্ই আমার প্রভু, আমি তার সাথে কোন কিছুকে শরীক করি না।”

অন্য হাদীসে আছে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ রোগ-শোক, অভাব-অনটন-সংকট, দুঃখ-কষ্ট ও বালা-মুসিবতে পড়ে যদি কেউ নিম্নোক্ত কালিমা পাঠ করে তবে সে তা থেকে মুক্তি পাবে।

الله ربي لا شريك له

“আল্লাহ আমার প্রভু, তার কোন শরীক নেই।”

মাঝে মাঝে কেউ কেউ কঠিন পরীক্ষার মোকাবেলায় পড়েন। সে যদি তখন তার প্রভুর দিকে অভিমুখী হয় এবং তার সাথে কোন শরীক সাব্যস্ত না করে তাঁর নিকট আত্মসমর্পণ করে তাহলে তার সংকট দূর হয়ে যাবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7632

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন